



## কেন্দ্রীয় শহিদ মিনারে প্রকাশ্যে গুলিতে নিহত ১



রাতে কেন্দ্রীয় শহিদ মিনার এলাকায় প্রকাশ্যে এলোপাতাড়ি গুলিতে ওই যুবক নিহত হন। ছবি: সংগৃহীত

কেন্দ্রীয় শহিদ মিনারে প্রকাশ্যে গুলি ও ধারালো অস্ত্রের আঘাতে রাকিবুল ইসলাম (২৭) নিহত হয়েছেন। রোববার রাত সাড়ে ১০টায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়। তিনি নিমতলীর তরিকুল ইসলাম খোকনের ছেলে, শেখ বোরহান উদ্দিন কলেজের শিক্ষার্থী ও ভিডিও কনটেন্ট ক্রিয়েটর। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, রাত সোয়া ৯টার দিকে দুর্বৃত্তরা কয়েক রাউন্ড গুলি করে রাকিবুলকে গুরুতর আহত করে। পরে তাকে দ্রুত চামেকে নেওয়া হয়। ঘটনায় স্থানীয়রা একজনকে আটক করেছে, যার নাম-পরিচয় এখনও জানা যায়নি। তাকে শাহবাগ থানা পুলিশ হেফাজতে রেখেছে। ঘটনার সময় রাকিবুলের বন্ধুদের বরাত দিয়ে জানা যায়, তারা শহিদ মিনারের পাশে আড্ডা দিচ্ছিলেন। হঠাৎ গুলির শব্দ পেয়ে এগিয়ে গিয়ে দেখেন রাকিবুল রক্তাক্ত অবস্থায় পড়ে আছে। তার মাথায় গুলি ও শরীরের বিভিন্ন জায়গায় ধারালো অস্ত্রের কোপের চিহ্ন ছিল। পুলিশ তদন্ত করছে।

LENS ASIA